

মাঠে - ময়দানে

দলের সঙ্গে অনুশীলন করলেও বিশ্বকাপের প্রথম ম্যাচে অনিশ্চিত সালাহ, চিন্তায় সমর্থকেরা।

ব্রাজিল সিরি এ'র ম্যাচে ১-১ গোলে ড্র করল জুভেন্টিড ও কোরটিবা।

রাশিয়ায় পৌঁছে অনুশীলন সারলেন ব্রাজিল ফুটবলাররা

রাশিয়া, ১২ জুন: শুধু প্র্যাকটিস দেখতেই মাঠে উপস্থিত হাজারো ব্রাজিলিয়ান সমর্থক। রাশিয়ায় পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের প্রথম প্র্যাকটিস দেখতে উপচে পড়ল মানুষের ভিড়। তাদের কাছে যেন বিশ্বকাপ শুরু হয়ে গেল মঙ্গলবার থেকেই। আসলে ব্রাজিলিয়ানরা এরকমই। আবেগে ভরপুর। দেশের ফুটবলারদের উৎসাহ দিতে সবসময় প্রস্তুত থাকেন তারা। শুধু গ্যালারিতে নয়, মাঠের পাশ দিয়ে যে রাস্তা চলে গিয়েছে। সেখানেও উপস্থিত হয়েছেন ব্রাজিলিয়ান সমর্থকরা। সবাই উপভোগ করছেন ব্রাজিলিয়ান প্র্যাকটিস। মনে হচ্ছিল বিশ্বকাপের উত্তেজনার পারদ কয়েকগুণ বেড়ে গিয়েছে। সকালে ব্রাজিলের প্র্যাকটিসে স্বমহিমায় নেইমার। ব্রাজিল কোচ আগেই ঘোষণা করেছিলেন যে ব্রাজিল ফুটবলাররা এদিন প্র্যাকটিস করবেন। ব্রাজিল কোচও এদিন প্রথম একদাশের ফুটবলার এবং রিজার্ভ বেঞ্চের ফুটবলারদের দু'ভাগে ভাগ করে প্র্যাকটিস করলেন। নেইমার শুটিং প্র্যাকটিস করলেন। তাঁর প্র্যাকটিস দেখে বোঝা যাচ্ছিল, নিজেকে বিশ্বকাপের জন্য পুরোপুরি প্রস্তুত করে ফেলেছেন তিনি। বিশ্বকাপে নিজের সেরাটা উজাড় করে দিতে মরিয়া। অনুশীলনের ফাঁকে সতীর্থদের সঙ্গে খুঁনসুটি করতে দেখা যায় তাকে। সব মিলিয়ে বোঝা যাচ্ছে, বিশ্বকাপ শুরু হওয়ার আগে বেশ ফুরফুরে মেজাজে রয়েছেন ব্রাজিলিয়ান ফুটবলাররা।

টিটে অবশ্য বসে রইলেন ডাগ আউটে। সঙ্গে ফিজিক্যাল ট্রেনার। দুর থেকেই তিনি ফুটবলারদের খেলা ও তাদের ফিটনেসের উপর নজর রাখলেন। অন্যদিকে, নেইমারকে নিয়ে আশায় বুঁক বেধে ফেলেছেন রাশিয়ায় আসা ব্রাজিলের সমর্থকরা।

এদিন যখন মাঠ নেইমার স্ট্রেচিং করছিলেন তখন গ্যালারিতে দলবেঁধে তাকে উৎসাহিত করছিলেন সমর্থকেরা। অন্যদিকে, নেইমার ছাড়াও জেসুস ও কুটিনহোও যে ব্রাজিলের দুই মহাতারকা তা এদিন বুঝিয়ে দিল প্রথম প্র্যাকটিসেই। বিশ্বের বিভিন্ন দেশ থেকে আসা সাংবাদিকদেরও দেখা গেল এই দুই ফুটবলারকে নিয়ে কৌতুহল দেখাতে। ব্রাজিল টিম ম্যানেজমেন্ট জানিয়েছে, ব্রাজিলিয়ান তারকার চোট নিয়ে কোনও সমস্যা নেই। তিনি সম্পূর্ণ সুস্থ। এমনিতেই নেইমার দুটি প্রস্তুতি ম্যাচ ইতিমধ্যেই খেলে ফেলেছেন এবং দুটি গোলও পেয়েছেন। এদিনের প্র্যাকটিসে তিনি যেমন গোটা বিশ্বকে বুঝিয়ে দিলেন বিশ্বকাপের জন্য তৈরি। তেমনই প্রস্তুতি ম্যাচেও বুঝিয়ে দিয়েছেন, গত বিশ্বকাপের ভয়াবহ দুঃস্বপ্ন কাটিয়ে দেশের সমর্থকদের মুখে হাসি ফোটানোর জন্য নিজেকে তৈরি করে ফেলেছেন তিনি।

শেষ প্রস্তুতিতে বড় জয় পেল বেলজিয়াম

রাশিয়া, ১২ জুন : বিশেষজ্ঞদের নোটবুকে ডার্ক হর্স হয়েই এবার রাশিয়ার মাটিতে নামবেন ডি ব্রুয়েনারা। তার আগে মঙ্গলবার ব্রাসেলসে শেষ প্রস্তুতি ম্যাচে বড় জয় তুলে নিল বেলজিয়াম। ফরোয়ার্ড লাইনের স্তম্ভ লুকাকুর জোড়া গোলে কোস্টারিকাকে এদিন ৪-১ গোলে হারাল তারা। এদিন ম্যাচের প্রথমার্ধে একসময় রুইজের গোলে এগিয়ে যায় কোস্টারিকা। কিন্তু এরপরই ধীরে ধীরে ম্যাচের রাশ নিজেদের দিকে টেনে নেয় বেলজিয়াম। ৩১ মিনিটে বেলজিয়ামকে সমতায় ফেরান মারটেন্স। এরপর ৪২ ও ৫০ মিনিটে পরপর দুটি গোল করে ম্যাচ কার্যত মুঠোয় নিয়ে নেন লুকাকু। ৬৪ মিনিটে লাতিন আমেরিকার দেশটির কফিনে শেষ পেরেকটি পুঁতে দেন বাতসুয়াইয়ের। যদিও ম্যাচ জিতলেও এদিন বেলজিয়াম থিঙ্ক ট্যাঙ্ককে চিন্তায় রাখল হ্যাজার্ডের চোট। আগেই চোট পাওয়ায় এদিন মাঠে নামতে পারেননি ডিফেন্সের স্তম্ভ ভিনসেন্ট কোম্পানি। হ্যাজার্ডের চোট নতুন করে চিন্তা বাড়াল কোচের।

বিশ্বকাপের আগে কোন দল জিতবে তার ভবিষ্যদ্বাণীতে ব্যস্ত থাইল্যান্ডের একটি হাতি।

যৌন হেনস্থায় অভিযুক্ত মেসির হেডস্যার

আর্জেন্টিনা, ১২ জুন : বিশ্বকাপের ঘনঘটা, ঘনঘটার বিশ্বকাপ। প্রস্তুতি ম্যাচে জয়ের পর এসকর্টদের সঙ্গে হোটেলে সময় কাটিয়ে কয়েকদিন আগে বিতর্কে জড়িয়েছিলেন মেক্সিকোর ফুটবলাররা। আর এবার যৌন হেনস্থার অভিযোগে বিদ্ধ হলেন আর্জেন্টিনার ম্যানেজার জর্জ স্যাম্পাওলি। তবে না, বিশ্বকাপের দেশে নয়। বুয়েনস আয়ার্সের এজেইনায় মেসিদের প্রাক-বিশ্বকাপ শিবির চলাকালিন এক মহিলা কুককে যৌন হেনস্থা করার অভিযোগ ওঠে স্যাম্পাওলির বিরুদ্ধে। পাশাপাশি এই সংক্রান্ত একটি অডিও ফাইল ঘুরে বেড়াচ্ছে। আর তাতেই শোরগোল মেসির দেশে। মেসি, ডি মারিয়াদের সঙ্গে প্রাক বিশ্বকাপ প্রস্তুতিতে বেশ ভালোভাবেই সময় কাটাচ্ছেন আর্জেন্টাইন কোচ। এরই মাঝে এমন একটি খবর আর্জেন্টিনার শিবিরে একটু হলেও ধাক্কা দিল। তবে স্যাম্পাওলি গোটা বিষয়টিকেই ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছেন। তবে এই সময়ে মেসিদের হেডস্যারের পাশেই রয়েছে দেশের ফুটবল বিশেষজ্ঞরা।

আর্জেন্টিনার প্রাক্তন ফুটবলার কার্লোস ড্যানিয়েল তাপিয়া বলেছেন,' টুর্নামেন্ট শুরুর আগে এমন কিছু ঘটছে, যা দলের সংহতি নষ্ট করার জন্য যথেষ্ট। তবে আমার দলের কোচের প্রতি আমার পূর্ণ আস্থা রয়েছে।'

তিন টন খাবার নিয়ে বিশ্বকাপে মেসিরা

মস্কো, ১২ জুন : প্রচুর খাবার ও পছন্দের শেফ নিয়ে রাশিয়া পৌঁছল আর্জেন্টিনা। জানা গেছে তিন টন খাবার নেওয়া হয়েছে মেসি, আগুয়েরো, ডি মারিয়াদের জন্য। শুধু তাই নয়, পছন্দের শেফও নিয়ে এসেন মেসিরা। ১৬ জুন মস্কোর স্পার্টাক স্টেডিয়ামে আইসল্যান্ডের বিরুদ্ধে বিশ্বকাপের অভিযান শুরু করবে আর্জেন্টিনা। ভাল খাবারই মেসিদের ভাল পারফরম্যান্স করার রসদ। এমনটাই মনে করছে আর্জেন্টিনার থিঙ্কট্যাঙ্ক। রাশিয়ায় আর্জেন্টার অ্যাম্বাসাডর রিকার্ডো লাগোরিও জানান,' পছন্দের খাবার নিয়েই রাশিয়ায় খেলতে এসেছে মেসিরা। আর্জেন্টিনার ট্র্যাডিশনাল খাবার বিফ, পর্ক সহ মোট তিন টন খাবার নিয়ে রাশিয়ায় খেলতে এসেছে মেসিরা। এখন দেখার নিজেদের প্রিয় খাবার খেয়ে আর্জেন্টিনা বিশ্বকাপে কেমন পারফরম্যান্স করতে পারে।

বর্ষসেরার পুরস্কার পেলেন সুনীল ছেত্রী

স্টাফ রিপোর্টার: ফুটবল প্লেয়ার অ্যাসোসিয়েশন আয়োজিত বর্ষসেরা ফুটবলারের পুরস্কার পেলেন বেঙ্গালুরু অধিনায়ক সুনীল ছেত্রী। সুনীলের সঙ্গে লড়াইয়ে ছিলেন জেজে, বলবন্ত, আদিল খান। কিন্তু সবাইকে টেক্কা দিয়ে সেরার পুরস্কার পেলেন ভারত অধিনায়ক সুনীল ছেত্রী। সেরা বিদেশি ফুটবলারের পুরস্কার পেলেন বেঙ্গালুরুর এফসি মিকু। লড়াইয়ে ছিলেন নিকোলাস ফেডেরার। সেরা কোচের পুরস্কার বেঙ্গালুরু এফসি'র অ্যালবার্ট রোকা। রোকার সঙ্গে সেরার তালিকার লড়াইয়ে ছিলেন জিৎ রাই খান এবং খগেন সিং। সেরা প্রতিশ্রুতিবানের পুরস্কার পেয়েছেন জেরি। মঙ্গলবার কলকাতা ক্রীড়া সাংবাদিক ক্লাবে সেরা ফুটবলারদের হাতে পুরস্কার তুলে দিতে হাজির ছিলেন প্রাক্তন ফুটবলার সুব্রত ভট্টাচার্য, রহিম নবি, সুব্রত পাল সহ বহু ফুটবলার। এছাড়া হাজির ছিলেন সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি সুব্রত দত্ত। সেরার পুরস্কার পেয়ে আপ্লুত সুনীল। তবে দেশের জার্সি গায়ে ৬৪টি গোল করলেও মেসি-রোনাল্ডোর সঙ্গে তাঁর তুলনা করাটা ঠিক নয় বলে জানালেন ভারত অধিনায়ক। ফুটবল প্লেয়ার অ্যাসোসিয়েশনের বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠান ঘিরে ছিল চাঁদের হাট।

বিশ্বকাপেও এবার থার্ড আম্পায়ার !

মস্কো, ১২ জুন: ৮৮ বছরের বিশ্বকাপ ফুটবল ইতিহাসে প্রথমবারের মতো এবার ভিএআর (ভিডিও অ্যাসিসেন্ট রেফারি) সিস্টেম চালু হতে চলেছে। অফসাইড, লাল কার্ড, গোল এবং পেনাল্টি এই চারটি বিষয়কে সামনে রেখে রাশিয়া বিশ্বকাপে ভিএআর পরিচালিত হবে। পুরো টুর্নামেন্ট জুড়ে এবার ১৩ জন অ্যাসিসেন্ট রেফারি ম্যাচ পরিচালনার কাজে যুক্ত থাকবেন। ম্যাচে বিতর্কিত কোনও মুহূর্তের সৃষ্টি হলেই রেফারি চাইলে ভিএআরের সহযোগিতা নিতে পারবেন। রেফারির যদি কখনও মনে হয় তার সিদ্ধান্তটি ভুল হলেও হতে পারে, তবেই কেবল রেফারি নিজেই অ্যাসিসেন্ট রেফারির শরণাপন্ন হবেন। অনেকটা ক্রিকেটের থার্ড আম্পায়ারের মতো। তবে ক্রিকেটের মতো ফুটবলে কিন্তু খেলোয়াড়রা রিভিউ নেওয়ার স্বাধীনতা পাবেন না। ফুটবলকে আরও নিখুঁত করতেই ফিফার এমন সিদ্ধান্ত।

'জিদান ক্রিস্টাল ফুট'র উদ্বোধনে ইউরোপীয় লিওডোড্রপি অ্যাসোসিয়েশনের সদস্য জিনেদিন জিদান।

রাশিয়া বিশ্বকাপের ৪ দেশের চূড়ান্ত দল

রাশিয়া, ১২ জুন : বিশ্বকাপ শুরু হতে আর মাত্র কয়েকদিন বাকি আর তাঁর আগেই সার্বিয়া, সুইজারল্যান্ড, জার্মানি ও সুইডেন তাদের ২৩ জনের দল ঘোষণা করে দিলেন বিশ্বকাপের জন্য।

সার্বিয়া

গোলকিপার : মার্কো দিমিত্রোভিচ (এইবার), পেদ্রাগ রাজকোভিচ (ম্যাকবি তেল আভিভ), ভ্লাদিমির স্টোকোভিচ (পার্টিজান)

ডিফেন্ডার : আলেকজান্ডাক কোলোরোভ (রোমা), ব্রানিস্লাভ ইভানোভিচ (জেনিত), নিকোলা মিলেনকোভিচ (ফিয়োরেন্তিনা), মিলান রডিচ (রেড স্টার বেলগ্রেড), আন্তোনিও রুকাভিনা (ভিলারিয়াল), উরোজ স্পাজিচ (ক্রাসনোদার), দুস্কো তসিচ (গুয়াংঝাও আরঅ্যান্ডএফ), মিলোস ভেলকোভিচ (ওয়ার্ডার ব্রেমেন)

মিডফিল্ডার : মার্কো গ্রুজিচ (লিভারপুল), ফিলিপ কোস্টিচ (হ্যামবার্গ), আদেম লিয়াজিচ (তোরিনো), নেমানাজা মাতিচ (ম্যাঞ্চেস্টার ইউনাইটেড), সের্গেজ মিলানকোভিচ-সাভিচ (লাজিও), লুকা মিলিভোজেভিচ (ক্রিস্টাল প্যালেস), নেমানজা রেডোনজিচ (রেড স্টার বেলগ্রেড), দুসান তাদিচ (সাউদাম্পটন), আন্দ্রিজা জিভকোভিচ (বেনফিকা)

স্ট্রাইকার : লুকা জোভিচ (আইনট্রাক্ট ফ্রাঙ্কফুট), আলেকজান্ডার মিত্রভিচ (নিউক্যাসল ইউনাইটেড), আলেকজান্ডার প্রিজোভিচ (পিএওকে)

সুইজারল্যান্ড

গোলকিপার : রোমান বুরকি (বরুশিয়া ডর্টমুন্ড), ইয়োভন এমভাগো (আরবিলিপজিগ), ইয়ান সোমের (বরুসিয়া মনশেনগ্লাদবাখ)

ডিফেন্ডার : মানুয়েল আকানজি (বরুশিয়া ডর্টমুন্ড), জোহান জউরাউ (অ্যান্টালিয়াস্পোর), নিকো এলভেদি (বরুশিয়া মনশেনগ্লাদবাখ), মাইকেল ল্যাং (বাসেল), স্তেফান লিখস্টাইনার (জুভেন্টাস), ফ্রাঙ্কোয়েস মৌবান্দেজ (টৌলৌসে), রিকার্ডো রদ্রিগেজ (এসি মিলান), ফাবিয়ান শার (দেপোর্তিভো লা করুনা)

মিডফিল্ডার এবং ফরোয়ার্ড: ভ্যালন বেহরামি (উদিনেস), জসিপ ড্রামিক (বরুশিয়া মনশেনগ্লাদবাখ), ব্লেরিম জেমাইলি (বোলোগ্না), ব্রিল এমবোলো (শালকে), গেলসন ফার্নান্দেজ (আইনট্রাক্ট জাগরেব), রেমো ফ্রেউলার (আটলান্টা), মারিও গাভ্রানোভিচ (ডায়নামো জাগরেব), হারিস সেফেরোভিচ (বেনফিকা), জেরদান শাকিরি (স্টোক সিটি), গ্রানিতা জাকা (আর্সেনাল), ডেনিস জাকারিয়া (বরুশিয়া মনশেনগ্লাদবাখ), স্টিভেন জুবের (হফেনহাইম)

জার্মানি

গোলকিপার : ম্যানুয়েল নায়ার (বায়ার্ন মিউনিখ), মার্ক-আন্দ্রে তের স্টেগান (বার্সেলোনা), কেভিন ট্রাপ (প্যারিস সাঁ জাঁ)

ডিফেন্ডার : মার্ভিন প্ল্যাটনেহার্ট (হার্থা বার্লিন), জোনাস হেক্টর (কোলোন), মথিয়াস গিন্টার, ম্যাট হুমেলস (বায়ার্ন মিউনিখ), নিক্লাস সুয়েল (বায়ার্ন মিউনিখ), আন্তোনিও রুডিগার (চেলসি), জেরোম বোয়েতাং (বায়ার্ন মিউনিখ), জশুয়া কিমিচ (বায়ার্ন মিউনিখ)

মিডফিল্ডার : সামি খেদিরা (জুভেন্টাস), জুলিয়ান ড্রাক্সলার (প্যারিস সাঁ জাঁ), মেসুত ওজিল (আর্সেনাল), টনি ক্রুজ (রিয়াল মাদ্রিদ), টমাস মুলার (বায়ার্ন মিউনিখ), সেবাস্তিয়ান রুডি (বায়ার্ন মিউনিখ), জুলিয়ান ব্র্যান্ট (বেয়ার লেভারকুসেন), ইকে গুন্ডোগান (ম্যাঞ্চেস্টার সিটি), লিওন গোরেজস্কা (শালকে), মার্কো রিউস (বরুশিয়া ডর্টমুন্ড)

স্ট্রাইকার : টিমো ওয়ার্নার (আরবি লিপজিগ), মারিও গোমেজ (ভিএফবি স্টুটাগার্ট)

সুইডেন

গোলকিপার : কার্ল-জোহান জনসন (গুয়িংম্প), ক্রিস্টোফার নর্ডফেল্ড (সোয়ানসি সিটি), রবিন ওলসেন (কোপেনহোগেন)

ডিফেন্ডার : লুডভিগ অগাস্টিনসনসন (ওয়ারার ব্রেমেন), আন্দ্রিয়াস গ্রানকভিস্ট (ক্রিসোনিয়ার), ফিলিপ হেলেন্ডার (বোলগনা), পান্তাস জেনসন (লিডস ইউনাইটেড), এমিল কর্ফর্থ (বোলগ্না), মিকেল লুস্টিগ (সেল্টিক), ভিক্টর লিন্ডোফ (ম্যাঞ্চেস্টার ইউনাইটেড), মার্টিন অলসন (সোয়ানিস সিটি)

মিডফিল্ডার এবং ফরোয়ার্ড: ভিক্টর ক্লাসসন (ক্রিশ্চিয়ান), জিমি দুরমাজ (টুলোজ), আলবিন একদাল (হামবুর্গ), এমিল ফোরসবার্গ (আরবি লিপজিগ), অস্কার হিলজ্রাম (জেনোয়া), সেবাস্তিয়ান লারসন (হুল সিটি), মার্কাস রোডেন (ক্রোটোনে), গুস্তভ স্যাভেনসন (সিয়াটল সাউন্ডার্স), মারকুস বার্গ (আল এয়ান), জন গুয়েতেটি (ডিপোর্টভো অ্যালভেজ), আইজাক কাইচ থিলেইন (ওয়াসল্যান্ড বেভেন), ওলা তোভোনিন (তুলাউস)

প্রকাশক পার্থ কুণ্ডু কর্তৃক পি-১১, সি. আই. টি. রোড, স্কিম - এল ভি, কলকাতা-১৪ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ৮১ নীলগঞ্জ রোড, কলকাতা-৭০০ ১০৯ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● কার্যনির্বাহী সম্পাদক : দেবাংশু চক্রবর্তী ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা